রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ফেব্রুয়ারি ২০, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**বাণিজ্যিক ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৫৯-আইন/২০১৮।**—গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৬ নং আইন) এর ধারা ৩৪, ধারা ৯ এর উপ-ধারা (১) এর দফা (খ) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গ্রামীণ ব্যাংক (পরিচালক নির্বাচন) বিধিমালা, ২০১৪ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৬ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১) এই বিধিমালার অধীন নির্বাচন অনুষ্ঠানের জন্য ব্যাংক একজন প্রধান নির্বাচন কমিশনার ও দুই জন নির্বাচন কমিশনার সমন্বয়ে নির্বাচন কমিশন গঠন করিবে, যথা :—

(ক) **প্রধান নির্বাচন কমিশনার**— সরকার কর্তৃক মনোনীত রাষ্ট্রীয় মালিকানাধীন কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত ১(এক) জন উপব্যবস্থাপনা পরিচালক;

(খ) **নির্বাচন কমিশনার**— ব্যাংকে কর্মরত মহাব্যবস্থাপকদের মধ্য হইতে চেয়ারম্যান কর্তৃক মনোনীত ২(দুই) জন মহাব্যবস্থাপক।";



**মূল্য ঃ** টাকা ৪.০০

(খ) বিধি ৭ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "তফসিলী ব্যাংকে" শব্দগুলির পরিবর্তে "ব্যাংকে" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(২) নির্বাচনের সহায়তা করিবার জন্য নির্বাচন কমিশন, সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এর সুপারিশক্রমে, ব্যাংকের কর্মকর্তাদের মধ্য হইতে প্রয়োজনীয় সংখ্যক সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করিবে।";

(গ) বিধি ৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১) রিটার্নিং অফিসার নিজ নিজ এখতিয়ারাধীন প্রতিটি ভোট কেন্দ্রে নির্বাচন পরিচালনার জন্য ব্যাংকের কর্মকর্তাগণের মধ্য হইতে একজন করিয়া কর্মকর্তাকে প্রিজাইডিং অফিসার এবং প্রয়োজনীয় সংখ্যক সহকারী প্রিজাইডিং অফিসার নিয়োগ করিবেন।";

(ঘ) বিধি ১০ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(২) শাখা প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ভোটদাতাকে প্রদত্ত ব্যাংকের পাস বই, এবং অন্যান্য নির্বাচনের ক্ষেত্রে, রিটার্নিং অফিসার কর্তৃক সংশ্লিষ্ট ভোটদাতাকে, ফরম 'ছ' অনুযায়ী, প্রদত্ত প্রত্যয়নপত্র উক্ত ভোটদাতার পরিচয়পত্র হিসাবে গৃহীত হইবে।";

(ঙ) বিধি ৩০ এ উল্লিখিত "বাংলাদেশ ব্যাংক" শব্দগুলির পরিবর্তে "ব্যাংক" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(চ) বিধি ৩১ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩১ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৩১। **সরল বিশ্বাসে কৃত কার্য রক্ষণ**।—এই বিধিমালার অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে, সরকার বা সরকারের কোন কর্মকর্তা-কর্মচারী বা ব্যাংকের কোন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে কোন দেওয়ানি বা ফৌজদারী বা প্রশাসনিক বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের বা গ্রহণ করা যাইবে না।"; এবং

(ছ) ফরম 'চ' এর পর নিম্নরূপ নতুন একটি ফরম 'ছ' সংযোজিত হইবে, যথা :—

**ফরম 'ছ'**

(বিধি ১০ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য)

পরিচালক নির্বাচনে ভোটদাতার পরিচয়পত্র/অঞ্চল প্রতিনিধি

১। নির্বাচনী স্তরের নাম ও বিবরণ............................................................................

..............................................................................................................

..............................................................................................................

২। ভোটদাতার নাম ও ঠিকানা ................................................................................

..............................................................................................................

৩। ভোটার তালিকায় ভোটদাতার ক্রমিক নং..............................................................

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরোল্লিখিত ব্যক্তি শাখা/অঞ্চল প্রতিনিধি হিসাবে নির্বাচিত হইয়াছেন এবং তিনি .........................অঞ্চল/নির্বাচনী এলাকার প্রতিনিধি/ পরিচালক নির্বাচনে ভোটদান করিতে পারিবেন।

তারিখ ................................ ................................

রিটার্নিং অফিসারের দস্তখত
(নামসহ সীলমোহর)

(প্রিজাইডিং অফিসারের ব্যবহারের জন্য)

ভোটদানের উদ্দেশ্যে ভোটদাতাকে ব্যালটপত্র সরবরাহ করা হইল।

তারিখ ................................ ................................

প্রিজাইডিং অফিসারের দস্তখত
(নামসহ সীলমোহর)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইউনুসুর রহমান**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd